যুগান্তর

তারিখ : 23 JUL 2016
পৃষ্ঠা ০৭ কলাম ৭

যৌন হয়রানি

# মঠবাড়িয়ায় দুই শিক্ষক বরখাস্ত

**মঠবাড়িয়া (পিরোজপুর) প্রতিনিধি**

ছাত্রীদের সঙ্গে যৌন হয়রানির অভিযোগে মঠবাড়িয়া উপজেলার মিরুখালী স্কুল অ্যান্ড কলেজের দুই শিক্ষককে বরখাস্ত করেছে স্কুল কর্তৃপক্ষ। গত মঙ্গলবার ম্যানেজিং কমিটি জরুরি বৈঠক ডেকে তাদের বরখাস্ত করেন। মঠবাড়িয়ার মিরুখালীতে ছাত্রী যৌনহয়রানির বিষয়টি নিয়ে গত তিনদিন ধরে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে তোলপাড় চলছে। জানা গেছে, মিরুখালী স্কুল অ্যান্ড কলেজের কম্পিউটার শিক্ষক পারভেজ তালুকদারের বিরুদ্ধে এর আগেও কয়েক ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগ পাওয়া গেলে তাকে সতর্ক করা হয়। পরে আবারও ওই স্কুলের নবম শ্রেণীর এক ছাত্রীকে যৌন হয়রানি করলে বিষয়টি নিয়ে তোলপাড় শুরু হয়। যৌন হয়রানির শিকার ওই ছাত্রী ও তার অভিভাবকরা এ ব্যাপারে স্কুল কর্তৃপক্ষের কাছে অভিযোগ করেন। পরে স্কুল কর্তৃপক্ষ তদন্ত করে কম্পিউটার শিক্ষক পারভেজ তালুকদারকে চাকরি থেকে গত মঙ্গলবার অব্যাহতি দেয়। এছাড়া যৌন হয়রানির সহায়তা করায় কৃষি শিক্ষক হাসিবুল ইসলাম সজিব পলাতক থাকায় তাকে সাময়িক বরখাস্ত করেছে ম্যানেজিং কমিটি।